সৃজনশীল বাংলাদেশ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা শিল্পকলা একাডেমি, সিলেট
shilpakala.sylhet.gov.bd

মুজিব শতবর্ষ 100

৩১ মার্চ ২০২১

সংবাদ বিজ্ঞপ্তি

# সিলেটে বিশ্ব নাট্য দিবস উদ্‌যাপন

বিশ্ব নাট্য দিবস ২০২১ উদ্‌যাপন উপলক্ষে জেলা শিল্পকলা একাডেমি সিলেটের উদ্যোগে আজ (৩১ মার্চ) বিকাল ৫টায় নগরীর পূর্ব শাহী ঈদগাহস্থ জেলা শিল্পকলা একাডেমি মিলনায়তনে আয়োজন করা হয় গীতিনৃত্যনাট্য, সম্মেলক সংগীত ও নৃত্যানুষ্ঠানের। অনুষ্ঠানের শুরুতেই সংক্ষিপ্ত আলোচনা পর্বে জেলা কালচারাল অফিসার অসিত বরণ দাশ গুপ্ত-এর সভাপতিত্বে আমন্ত্রিত অতিথির বক্তব্য রাখেন সিলেট জেলা প্রেসক্লাবের সভাপতি আল আজাদ, সম্মিলিত নাট্য পরিষদ সিলেটের সভাপতি মিশফাক আহমদ চৌধুরী এবং সাংস্কৃতিক সংগঠক হুমায়ুন কবির জুয়েল। আবৃত্তিশিল্পী ও উপস্থাপক মাসুদ পারভেজেরে সঞ্চালনায় সংক্ষিপ্ত আলোচনা পর্ব শেষে পাঠশালা সিলেট জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে নিবেদন করে পরিবেশন করেন গীতিনৃত্যনাট্য 'তুমি নেতা তুমিই পিতা'। গীতিনৃত্যনাট্যটির গ্রন্থনায় ছিলেন হুমায়ুন কবির জুয়েল ও নির্দেশনায় নাজমা পারভীন। পরিবেশিত হয় জেলা শিল্পকলা একাডেমি সংগীত ও নৃত্য দলের পরিবেশনায় সম্মেলক সংগীত ও নৃত্য। সংগীত ও নৃত্য পরিচালনায় ছিলেন একাডেমির প্রশিক্ষক পূর্ণিমা দত্ত রায়, অরুণ কান্তি তালুকদার ও প্রতিভা রায় কেয়া। সরকারি নির্দেশনা প্রতিপালনসহ মাস্ক পরিধান ও স্বাস্থ্যবিধি মেনে কর্মসূচিটি পালিত হয়।

৩১।০৩।২০২১

(অসিত বরণ দাশ গুপ্ত)
জেলা কালচারাল অফিসার
সিলেট
ফোন : ০৮২১-৭১৯০৫৮
shilpakalasylhet@gmail.com